

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০২৪.১৩-৪৬৭

তারিখঃ ০২ অক্টোবর, ২০১৬
১৭ আশ্বিন, ১৪২৩

বিষয়ঃ বৈকুণ্ঠপুর চা বাগানের শ্রমিক মজুরী পরিশোধ না হওয়ায় মানবিক কারণে পরিবার প্রতি ৩০ কেজি হারে ১ মাসের জন্য ১২ মেঃ টন ভিজিএফ চাল বরাদ্দ।

সূত্রঃ (১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর স্মারক নং-৫১.০১.০০০০.০১৮.২০.০০৪.১৭-৬৮ তারিখঃ ২৯/০৮/২০১৬ খ্রিঃ
(২) জেলা প্রশাসক, হবিগঞ্জ এর স্মারক নং-৫১.০১.৩৬০০.০০০.৪১.০০১.১৬-৫২, তারিখঃ ১৪-০৮-২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলাধীন মাধবপুর উপজেলার বৈকুণ্ঠপুর চা বাগানের ৪০০টি শ্রমিক পরিবারের মধ্যে বিতরণের জন্য ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্য সহায়তা হিসেবে অক্টোবর ২০১৬ মাসের জন্য প্রত্যেক পরিবারকে ৩০ কেজি হারে মোট (৪০০ x ৩০) = ১২,০০০ (বার) মেঃ টন ভিজিএফ চাল জেলা প্রশাসক, হবিগঞ্জ এর অনুমোদন বরাদ্দ প্রদানের জন্য তাঁর বরাবর ছাড় করা হলো।

২। মঞ্জুরীকৃত চালের ব্যয় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের "৪৯০৩-ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০৭-ভি.জি.এফ কার্যক্রম-৫৯০০-সাহায্য মঞ্জুরী-৫৯৪৪-ভি.জি.এফ" খাত হতে নির্বাহ করা হবে।

৩। জেলা প্রশাসক মঞ্জুরীকৃত চাল মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুসরণপূর্বক যথানিয়মে বিতরণ করবেন এবং বিতরণ শেষে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৪। এই মঞ্জুরী অনুযায়ী মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর জেলা প্রশাসক, হবিগঞ্জ বরাবর পরিবহণ ও আনুষঙ্গিক খরচসহ প্রয়োজনীয় বরাদ্দ আদেশ অগ্রাধিকার ভিত্তিতে জারী করবেন এবং এতদবিষয়ে যাবতীয় হিসাব সংরক্ষণ করবেন।

৫. এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



(মোঃ শাহজাহান)
সহকারী সচিব (ত্রাক-১)
ফোনঃ ৯৫৭০০৪০
asra@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর


১০১-৯৩, মহাখালী, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০৪২.১২-৪৬৭/১(৮)

তারিখঃ ০২/১০/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আবদুল গণি রোড, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেমস এনালিস্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ। তাকে এ আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর ওয়েবসাইটে Upload করার জন্য অনুরোধ করা হল।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, NDRCC দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। উক্ত আদেশটি মহাপরিচালক ও জেলা প্রশাসক বরাবর ফ্যাক্স ও ই-মেইল মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
- ৮। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ শাহজাহান)
সহকারী সচিব (ত্রাক-১)